# সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ
## মিরপুর সেনাবাহিনী
## ঢাকা-১২১৬

নং-২৩.০১.৯০২.২১৫.০১.১২৪.০৩.০৯.০১.২২ তারিখ : ০৯ জানুয়ারি ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজে নিম্নবর্ণিত বেসামরিক শূন্যপদসমূহে প্রার্থী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ক। | বার্তাবাহক (স্থায়ী) গ্রেড-২০) বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ২ | ৫ম শ্রেণি | (১) গাজীপুর, মুন্সীগঞ্জে, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, নওগাঁ, নাটোর, বগুড়া, গাইবান্ধা, নীলফামারী, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। (২) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| খ। | মেসওয়েটার (২×স্থায়ী, ১× অস্থায়ী) (গ্রেড-২০) বেতন স্কেল ৮২৫০-২০০১০/- | ৩ | ৫ম শ্রেণি (অভিজ্ঞ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য) | |
| গ। | পরিচ্ছন্নতাকর্মী (অস্থায়ী) (গ্রেড-২০) বেতন স্কেল ৮২৫০-২০০১০/- | ৪ | ৫ম শ্রেণি (অভিজ্ঞ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য) | |

২। প্রার্থীদের বয়স ০১ জানুয়ারি ২০২২ তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয় **www.mopa.gov.bd** অথবা **www.dscsc.mil.bd** ওয়েবসাইট থেকে ডাউনলোড করে স্ব-হস্তে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর পূর্বক আগামী ৩০ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ এই ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**আবেদনপত্রের সাথে নিমোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :**

ক। কোন প্রকার ঘষা-মাজা ছাড়া সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

খ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

গ। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ঘ। এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

ঙ। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি।

চ। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয়বিষয়ক সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

জ। 'পরিচ্ছন্নতাকর্মী' প্রার্থীদের ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান, পৌরসভার ক্ষেত্রে মেয়র এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাউন্সিলর হতে প্রদত্ত 'জাত হরিজন' সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

ঝ। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক লিখিত নিজস্ব বর্তমান ঠিকানা সম্বলিত ২৩ সেঃমিঃ×১০ সেঃমিঃ মাপের ১০.০০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো একটি খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৭। কোন প্রার্থী বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিমোক্ত কাগজপত্র জমা দিতে হবে :

ক। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত গেজেট এর সনদ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক জারিকৃত প্রার্থীর নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৮। আবেদনপত্রের সাথে কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস বরাবর উল্লিখিত পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা সরকারি আর্থিক কোড নং ১-১৯৩৫-০১০০-২০৩১ তে ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালি ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

৯। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

১০। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোঃ আসাদুজ্জামান সুমন
মেজর
সদস্য-সচিব (বিভাগীয় নির্বাচন কমিটি)
সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ
মিরপুর সেনানিবাস

আইএসপিআর/বিবিধ/১২
০৯/০১/২২

ডিজি-৫৯/২২ (১৩"×৪)